

২০২১

বাংলা

(অনার্স)

ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BENG-H-DSE-T-1

(সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা)

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রদত্ত নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

(A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।)

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $২ \times ১০ = ২০$
- ক) 'নব্যক্লাসিক যুগ' বা 'Newclassic age' হিসেবে কোন্ সময়কালকে ধরা হয়?
- খ) 'ক্লাসিসিজমে'র সাধারণ সূত্রগুলি লিপিবদ্ধ রয়েছে এমন দুটি গ্রন্থের নাম লেখো।
- গ) মধ্যযুগের বাংলা সাহিত্যে দু'জন ক্লাসিক কবির নাম গ্রন্থসহ উল্লেখ করো।
- ঘ) বাংলা সাহিত্যে আধুনিক ক্লাসিক কাব্য কোনগুলি?
- ঙ) বক্রোক্তিবাদে প্রবক্তা কে? তাঁর রচিত গ্রন্থের নাম কী?

- চ) 'সুরিয়ালিজম'-এর বাংলা প্রতিশব্দ কী? এই আন্দোলনের উদ্ভব কত সালে হয়?
- ছ) 'রোমান্টিসিজম' বলতে কী বোঝায়?
- জ) আচার্য কুন্তকের লেখা গ্রন্থের নাম লেখ। তাঁর মতে 'ঔচিত্য' কত প্রকার ও কী কী?
- ঝ) ভারতীয় কাব্যতত্ত্বের আদিগুরু কে? তাঁর কাব্যের নাম লেখো।
- ঞ) 'অনুকরণবাদ' কে প্রথম কোন্ গ্রন্থে স্পষ্ট করে তুলেছিলেন?
- ট) "পাগল, তুমি যখন গান করো তখন কেবল আমার মনে হয়, অনেক তোমার পাওনা ছিল, কিন্তু কিছু তোমাকে দিতে পারিনি।" — উদ্ধৃতিটির উৎস নির্দেশপূর্বক কে কার উদ্দেশ্যে একথা বলেছেন লেখো।
- ঠ) বঙ্কিমচন্দ্রের 'বিদ্যাপতি ও জয়দেব' কোন্ প্রবন্ধ গ্রন্থের অন্তর্ভুক্ত? গ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?
- ড) "রবীন্দ্রনাথের বিশ্বাস ও অভিনয়ে অনুরূপ ছিল" — কোন্ প্রসঙ্গে এই উক্তি করা হয়েছে?
- ঢ) 'এরাও তেমনি হৃদয় নিয়ে ছিনিমিনি খেলে' — 'এরাও' বলতে কাদের কথা বলা হয়েছে?
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ৪ = ২০$
- ক) আচার্য বামনের মতে রীতি ক'প্রকার ও কী কী? তিনি অলংকারকে কাব্যের আত্মা না বলে রীতিকে কেন কাব্যের আত্মা বলেছেন সংক্ষেপে লেখো।
- খ) রোমান্টিসিজমের বৈশিষ্ট্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

- গ) সুরিয়ালিজমের চারটি বৈশিষ্ট্য উল্লেখ করো।
- ঘ) “সেও এক অপরাপ সৃষ্টি”— লেখক কার সম্বন্ধে এরূপ বলেছেন? ‘অপরাপ সৃষ্টি’ বলার কারণ কী?
- ঙ) ‘জগতের মাঝে কত বিচিত্র তুমি হে / তুমি বিচিত্ররূপিনী’  
— উক্তিটির গুরুত্ব রবীন্দ্রসাহিত্যে কতখানি?
- চ) “অথবা বলা উচিত সৌধরচনা অসমাপ্তই রয়ে গেল কবির মৃত্যুকালে” — তাৎপর্য ব্যাখ্যা করো।

৩। যে-কোনো দু’টি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

- ক) ‘ক্লাসিসিজমে’-র উদ্ভব ও বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।
- খ) ‘ন্যাচারালিজম’ এর সংজ্ঞা ও লক্ষণ সম্পর্কে আলোচনা করো।
- গ) ‘আধুনিকতা ও রবীন্দ্রনাথ’ প্রবন্ধে অবলম্বনে রবীন্দ্র কাব্যদর্শন সম্পর্কে প্রাবন্ধিক আবু সয়ীদ আইয়ুব যে অভিমত ব্যক্ত করেছেন তা সংক্ষেপে আলোচনা করো।
- ঘ) ‘রক্তকরবীর তিনজন’ প্রবন্ধের নামকরণের সার্থকতা আলোচনা করো।

\_\_\_\_\_